



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭ (অংশ-১)-৯০

তারিখ : ০৩ মাঘ ১৪২৭
১৭ জানুয়ারী ২০২১

বিষয় : ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে জনবল নিয়োগের লক্ষ্যে ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র : (১) এ বিভাগের স্মারক নং ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭ (অংশ-১)-২৮৩, তারিখ: ২৯/০৭/২০২০খ্রি:।
(২) জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এর স্মারক নং-৯৯৬, তারিখ: ৩১/১২/২০২০খ্রি:।
(৩) জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট এর স্মারক নং-৩৯৫, তারিখ: ৩০/১২/২০২০খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহ স্মারকের পরিপ্রেক্ষিতে, ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে জনবল নিয়োগের লক্ষ্যে জারীকৃত ছাড়পত্রের মেয়াদ পত্র জারীর তারিখ হতে নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে ০৬ (ছয়) মাস বৃদ্ধি করা হলো:

- পত্র জারির তারিখ হতে ০৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- নিয়োগের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরির শর্তাবলী) বিধিমালা, ২০১১ এবং এতদসংক্রান্ত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে;
- উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে মহামান্য আদালতের সকল আদেশ/নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে; এবং
- নিয়োগ কার্যক্রম সম্পন্নের পর স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে।



(মো: আকবর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০
up2lgd@gmail.com

জেলা প্রশাসক (সকল)

----- জেলা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি)-----জেলা।
- সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।